

এক নজরে বাংলা সন



- ★ বঙ্গাব্দ বা বাংলা সনের প্রথম দিন- পহেলা বৈশাখ/বাংলা নববর্ষ
- ★ ১৪ এপ্রিল শুরু হচ্ছে নতুন বঙ্গাব্দ- ১৪৩২
- ★ বাংলাদেশের অন্যতম জাতীয় উৎসব- পহেলা বৈশাখ
- ★ সৌর বর্ষপঞ্জি হলো- বঙ্গাব্দ
- ★ বঙ্গাব্দের দিন শুরু হয়- সূর্যোদয় থেকে
- ★ পহেলা বৈশাখকে গণ্য করা হয়- বাঙালি জাতীয়তাবাদের প্রতীক হিসেবে

এক নজরে বাংলা সন



- ★ ‘শহীদুল্লাহ কমিটি’ নামে পরিচিত ছিল- ‘বাংলা পঞ্জিকা সংস্কার কমিটি’
- ★ বাংলা বর্ষপঞ্জির সংশোধিত সংস্করণ বাংলাদেশে গৃহীত হয়- ১৯৮৭ সালে
- ★ সরকারি কাজকর্মে ইংরেজি সালের পাশাপাশি বাংলা সন ও তারিখ লেখার জন্য সরকারি নির্দেশ জারি করা হয়- ১ জানুয়ারি ১৯৮৭ সালে
- ★ মঙ্গল শোভাযাত্রা (বর্তমান ‘বর্ষবরণ আনন্দ শোভাযাত্রা’)-এর আয়োজক- ঢাকা বিশ্ববিদ্যালয়

এক নজরে বাংলা সন



- ★ ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদ প্রথম আনন্দ (মঙ্গল) শোভাযাত্রার আয়োজন করে- ১৯৮৯ সালে
- ★ মঙ্গল শোভাযাত্রাকে 'মানবতার অমূল্য সাংস্কৃতিক ঐতিহ্য' হিসেবে ঘোষণা করে- ইউনেস্কো (২০১৬ সালের ৩০ নভেম্বর)
- ★ বাংলাদেশের প্রধান বর্ষবরণ অনুষ্ঠানটি হয়- রমনা বটমূলে
- ★ রমনা বটমূলের বর্ষবরণ উৎসবের আয়োজক- ছায়ানট

এক নজরে বাংলা সন



- ★ ছায়ানট রমনায় প্রথম বর্ষবরণ উৎসব আয়োজন করে- ১৯৬৭ সালে (১৩৭৪ বঙ্গাব্দ)
- ★ 'বঙ্গাব্দ' সনের প্রবর্তন করেন- সম্রাট আকবর (অনেকে মনে করেন, গৌড়ের রাজা শশাঙ্ক প্রবর্তন করেন। তবে ইতিহাসবিদেরা সম্রাট আকবরের পক্ষে মত দিয়েছেন।)
- ★ তিনি বাংলা বর্ষপঞ্জি চালু করেন- ১৫৮৪ খ্রিস্টাব্দে

এক নজরে বাংলা সন



- ★ বাংলা বর্ষপঞ্জি কার্যকর হয়- সম্রাট আকবরের সিংহাসন আরোহণের বছর, অর্থাৎ ১৫৫৬ খ্রিস্টাব্দ হতে
- ★ পহেলা বৈশাখের প্রধান সংগীত- এসো, এসো, এসো হে বৈশাখ/ তাপস নিঃশ্বাস বায়ে মুমূর্ষুরে দাও উড়ায়ে/ বৎসরের আবর্জনা দূর হয়ে যাক/.....
- ★ পার্বত্য চট্টগ্রামের ক্ষুদ্র জাতিসত্তা ত্রিপুরা, মারমা ও চাকমাদের বর্ষবরণ উৎসব হচ্ছে- বৈসু, সাংগ্রাই ও বিজু (এ তিনটিকে একত্রে বলা হয়- বৈসাবি)